



ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ

(ইজিসিবি) লিঃ

বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ

মন্ত্রণালয়

উপ-ব্যবস্থাপক (এইচআর)_কর্পোরেট অফিস এর দপ্তর

ইউনিক হাইটস, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ,

ঢাকা-১২১৭

ওয়েবঃ www.egcb.gov.bd

নম্বর: ২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২৮.১৯.১৬১৫

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮

১২ অক্টোবর ২০২১

অফিস আদেশ

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিমিটেড-এ সরাসরি নিয়োগ প্রদানের লক্ষ্যে গঠিত সিলেকশন কমিটির সুপারিশের প্রেক্ষিতে ০৮/০২/২০২১ তারিখে অনুষ্ঠিত ইজিসিবি বোর্ডের ২/২০২১-তম সভার সিদ্ধান্তক্রমে ইজিসিবি-এ জুনিয়র সহকারী ব্যবস্থাপক (হিসাব/অর্থ/অডিট) পদে নিম্নোক্ত প্রার্থীকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নাম, পিতার নাম ও স্থায়ী ঠিকানা	রোল নং	বর্তমান ঠিকানা	পদস্থকৃত পদ ও দপ্তর
১	২	৩	৪	৫
১.	জনাব মেহেদী হাসান, পিতা- আমিনুল হক গ্রামঃ হাজরাদী, ডাকঘরঃ মদনগঞ্জ উপজেলাঃ বন্দর, জেলাঃ নারায়ণগঞ্জ-১৪১৪।	১৫০০০০৫৫	প্রযত্নেঃ সামছুন্নাহার ৮-৭৪/৪, উইলসন রোড, লেজারাস আবাসিক এলাকা, বন্দর, নারায়ণগঞ্জ-১৪১০।	জুনিয়র সহকারী ব্যবস্থাপক (অর্থ), কর্পোরেট অফিস, ইজিসিবি, ঢাকা।

নিয়োগের শর্তাবলীঃ

১।	নিয়োগের মেয়াদ	:	চুক্তি ভিত্তিক এ নিয়োগ প্রাথমিকভাবে ৩(তিন) বছরের জন্য হবে। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সাপেক্ষে এ নিয়োগ কার্যকর হবে। সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে চাকরির মেয়াদ বৃদ্ধি করা হতে পারে।
২।	প্রবেশনকাল	:	৬ (ছয়) মাস প্রবেশনকাল হিসেবে থাকবে। প্রবেশনকালে সন্তোষজনক পারফরমেন্স, পুলিশ ভেরিফিকেশন এর সন্তোষজনক রিপোর্ট সাপেক্ষে চাকরি confirm করা হবে। প্রবেশনে থাকাকালীন পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না পাওয়া গেলে বা পারফরমেন্স নির্ধারিত মানের নিম্ন বিবেচিত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে বা কোন ফৌজদারী মামলায় দন্ডিত হলে বা শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদসহ প্রযোজ্য অন্যান্য সনদ/ডকুমেন্ট মিথ্যা/ভুল প্রমাণিত হলে কিংবা অফিস শৃঙ্খলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তার চাকুরির অবসান (Termination without any benefits) ঘটানো হবে।

৩।	বেতন	:	প্রারম্ভিক মূল বেতন-৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র।
৪।	ভাতাদি, বোনাস, বার্ষিক বেতন বৃদ্ধি ইত্যাদি	:	Employee Service Rules of Electricity Generation Company of Bangladesh-2017, প্রচলিত বিধি/ নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
৫।	ছুটি নগদায়ন	:	Employee Service Rules of Electricity Generation Company of Bangladesh-2017 অনুযায়ী।
৬।	প্রভিডেন্ট ফান্ড, গ্রাচুইটি ও গ্রুপ ইন্সুরেন্স	:	সিপিএফ রুলস, গ্রাচুইটি রুলস এবং গ্রুপ ইন্সুরেন্স এর প্রচলিত নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
৭।	চাকরি থেকে অপসারণ, অব্যাহতি, ইস্তফা	:	Employee Service Rules of Electricity Generation Company of Bangladesh-2017 অনুযায়ী।
৮।	সার্ভিস বেনিফিট	:	Employee Service Rules of Electricity Generation Company of Bangladesh-2017 এ প্রচলিত বিধি/ নীতিমালা/ প্রভিশন অনুযায়ী।
৯।	চুক্তি স্বাক্ষর	:	Employee Service Rules of Electricity Generation Company of Bangladesh-2017 এর ৩.২.২ (এম) অনুযায়ী যোগদানের পূর্বে নির্ধারিত ফরমে স্বাক্ষর করে চুক্তি সম্পাদন এবং Fidelity & Secrecy এর Declaration দিতে হবে।
১০।	চাকরির শর্তাবলী সংশোধন/ পরিবর্তন	:	কোম্পানীর বিধিমালা/ নীতিমালা/ প্রভিশন সংশোধন/ পরিবর্তন/ সংযোজন/ পরিবর্তন/ পরিমার্জনসহ উল্লিখিত চাকরির শর্তাবলী সংশোধন/বিশোধন এর ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং সে অনুযায়ী উহা প্রযোজ্য/ কার্যকর হবে।
১১।	যোগদান	:	নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা পদস্থকৃত দপ্তরে উপস্থিত হয়ে ব্যবস্থাপনা পরিচালক বরাবর যোগদান পত্র পেশ করবেন। যোগদান পত্র গৃহীত হওয়ার পর তার চাকরি Employee Service Rules of Electricity Generation Company of Bangladesh-2017 সহ প্রদেয় অন্যান্য বিধি/ নীতিমালা/প্রভিশন অনুযায়ী নিয়ন্ত্রিত হবে। প্রার্থী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে থাকলে যোগদানের সময় বর্তমান কর্মস্থল হতে ছাড়পত্র সংগ্রহ করে দাখিল করতে হবে।
১২।	যোগদানের সময়সীমা	:	উপরিউক্ত শর্তাবলী সাপেক্ষে আগামী ২৫/১০/২০২১ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ যোগদান করবেন। উক্ত তারিখের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে। যোগদানের সময় অজ্ঞীকারনামা/সম্মতিপত্রে স্বাক্ষর করে জমা দিতে হবে। অন্যথায় নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে। যোগদানের জন্য কোন টিএ/ডিএ প্রদেয় হবে না।

২। যোগদানের সময় পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলার ইউপি/সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত হাসপাতাল/টেস্টিং ল্যাব হতে Dope Test রিপোর্ট, শারিরিক উপযুক্ততার স্বপক্ষে রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক মেডিক্যাল ফিটনেস সার্টিফিকেট এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি যোগদান পত্রের সাথে জমা দিতে হবে। যোগদানের পর Personal Data Sheet (PDS) ও Nominee Form পূরণ করত: এতদসংক্রান্ত প্রয়োজনীয় কাগজ-পত্র এইচআর বিভাগে ৭(সাত) দিনের মধ্যে আবশ্যিকভাবে জমা দিতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২-১০-২০২১

মোঃ আবু হেনা ফয়জুল হক
জেনারেল ম্যানেজার (এইচআরএম) (অতিরিক্ত
দায়িত্ব)

নম্বর: ২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২৮.১৯.১৬১৫/১(২৮)

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৮
১২ অক্টোবর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ২) নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ), নির্বাহী পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৩) নির্বাহী পরিচালক (পিএন্ডডি), নির্বাহী পরিচালক (পিএন্ডডি) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৪) নির্বাহী পরিচালক(ওএন্ডএম), নির্বাহী পরিচালক (ওএন্ডএম) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)
- ৫) প্রধান প্রকৌশলী (সকল), ইজিসিবি লিঃ।
- ৬) মহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি লিঃ
- ৭) তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক (সকল), ইজিসিবি লিঃ।
- ৮) প্রকল্প পরিচালক (সকল), ইজিসিবি লিঃ।
- ৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) এর দপ্তর, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি)-ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
- ১০) জনাব.....।

১২-১০-২০২১

গোবিন্দ কুমার ঘোষ
উপ-ব্যবস্থাপক